

বিষয়- দ্বিতীয় সাময়িক শিক্ষা কার্যক্রম শুরু প্রসঙ্গে (প্রেপ-ওয়ান থেকে ৫ম শ্রেণি )

১২/৬/২০

সম্মানিত অভিভাবক,  
আসসালামু আলাইকুম।

আশা করি পরম করুণাময়ের অশেষ কৃপায় ভালো আছেন।

আপনাদের সদয় আবগতির জন্যে জানানো যাচ্ছে যে, ইতোমধ্যে প্রেপ-ওয়ান থেকে ৫ম শ্রেণির দ্বিতীয় সাময়িক শিক্ষা কার্যক্রম আরম্ভ হয়েছে। এ সংক্রান্ত কিছু বিষয় আপনাদের অবগতির জন্যে জানানো হচ্ছে-

১। ওয়েবে প্রকাশিত প্র্যাকটিস ওয়ার্ক রুটিন অনুসারে সকালের সেশনের শিক্ষকবৃন্দ সকাল ১০.০০ টা থেকে দুপুর ১.০০ টা পর্যন্ত বিষয়ভিত্তিক ভিডিও, লেকচার শিট, ওয়ার্ক শিট প্রদানের মাধ্যমে ক্লাস নেয়া হচ্ছে।

২। আফটারনুন সেশনের শিক্ষকবৃন্দ বিকেল ৩.০০ টা থেকে রাত ৮.০০ টা পর্যন্ত বিষয় ভিত্তিক ক্লাস নিচ্ছেন ফোনালাপের মাধ্যমে।

৩। চ্যাপ্টার এসেসমেন্টের বা মূল্যায়নের দিন আফটারনুন সেশনের শিক্ষক ফোনালাপের মাধ্যমে সকালে শিক্ষার্থীদের এসেসমেন্ট দিতে সাহায্য করছে এবং তা সম্পন্ন হওয়ার তিন দিনের মধ্যে ফলাফল জানানো হবে।

৪। আপনাদের কাছে একটি 'ফিডব্যাক শিট' পাঠানো হবে সেখানে আপনি সঠিকভাবে সেবা সমূহ পাচ্ছেন কিনা তা আমাদের জানানোর সুযোগ থাকবে এবং তা ফিল -আপ করে [cosmo.vacationwork@gmail.com](mailto:cosmo.vacationwork@gmail.com)- এই ঠিকানায় পাঠিয়ে দিতে হবে।

৫। এখন থেকে কো-কারিকুলার একটিভিটি ভিডিও আপলোড করা হচ্ছে যা ওয়েব সাইটে পাওয়া যাবে।

ধন্যবাদান্তে,  
কসমো স্কুল